৫৭

তারিখ 29 DEC 1993
পৃষ্ঠা ৬ কলাম 2

আজকের কাগজ

# ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের রসিকতা আনন্দ মোহন কলেজের নাম পরিবর্তন

দেশের বিভিন্ন শিক্ষাবোর্ড ও বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেটে ছাত্র-ছাত্রির নাম বা পিতার নাম ভুল হওয়া তেমন নতুন কিছু ঘটনা নয়। তবে এবার ছাত্র-ছাত্রী বা পিতার নাম নয় ভুল হয়েছে কলেজের নাম। ১৯৯২ সালের ঢাকা বিশ্ববিদ্যালয়ের আওতাধীন এমএ শেষ পর্বের পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে এ বছর। উক্ত পরীক্ষায় ময়মনসিংহ আনন্দ মোহন বিশ্ববিদ্যালয়ের কলেজে ইতিহাস বিভাগ থেকে অংশগ্রহণ করে যথারীতি উত্তীর্ণ হয়ে মুখলেছুর রহমান সার্টিফিকেট পেয়েছেন। এই সার্টিফিকেটে কলেজের নাম এসেছে "আনন্দ মোহন খান।" এ ব্যাপারে মুখলেছুর রহমান ঢাঃবিঃ -এর রেজিষ্টার বিল্ডিং এ যোগাযোগ করলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাদের ভুল স্বীকার না করে রসিকতা করে বলেন ময়মনসিংহ গিয়ে এফিডেভিট করে কলেজের নামটাই পাল্টিয়ে নিন। উল্লেখ্য, উক্ত সার্টিফিকেটে ঢাঃবিঃ এরভাইস চ্যান্সেলর ও পরীক্ষা নিয়ন্ত্রকসহ ১২জন দায়িত্বপূর্ণ ব্যক্তির স্বাক্ষর রয়েছে। ঘটনাটি এলাকার শিক্ষিত মহলে বেশ সমালোচিত হয়েছে। ময়মনসিংহ থেকে শরীফুজ্জামান টিটু।